অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো স্টেট জুড়ে জরুরি পরিষেবা প্রেরণ শক্তিশালী করার উদ্দেশ্যে 10 মিলিয়ন ডলার ঘোষণা করেছেন

জননিরাপত্তা সমাধান কেন্দ্র কার্যক্রমের অনুদান (Public Safety Answering Points Operations Grant)-এর মাধ্যমে স্বদেশ নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services) কর্তৃক পরিচালিত তহবিল

গভর্নর অ্যান্ড্রু এম. কুয়েমো আজ 911 এর সাড়া প্রদান এবং জরুরী পরিষেবা প্রেরণ কার্যক্রমের উন্নতির মাধ্যমে স্টেট জুড়ে স্থানীয় জরুরি প্রতিক্রিয়া কার্যক্রমকে শক্তিশালী করার উদ্দেশ্যে 10 মিলিয়ন ডলারের অনুদান তহবিল ঘোষণা করেছেন। এই তহবিল জননিরাপত্তা সমাধান কেন্দ্র কার্যক্রমের অনুদান-এর মাধ্যমে স্বদেশ নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগ কর্তৃক পরিচালিত।

"জরুরি অবস্থা মোকাবেলায় দ্রুত এবং দক্ষতার সাথে সাড়া প্রদানের জন্য আমাদের প্রথম সাড়া প্রদানকারীদের যে সরঞ্জাম প্রয়োজন সেগুলো সরবরাহ করার প্রতিশ্রুতিতে নিউইয়র্ক অবিচল রয়েছে", **গভর্নর কুওমো বলেন**। "এই অত্যন্ত গুরুত্বপূর্ণ তহবিল কাউন্টিগুলোকে তাদের জরুরি পরিষেবা প্রেরণ কার্যক্রমে প্রয়োজনীয় উন্নয়ন করতে সক্ষম করবে, যা একটি নিরাপদ, আরও সুরক্ষিত এম্পায়ার স্টেট (Empire State) তৈরি করে।"

"জরুরি সাড়া প্রদানের পরিষেবাগুলি স্টেট জুড়ে বসবাসকারীদের সুরক্ষা এবং কল্যাণ নিশ্চিত করে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন**। "এই তহবিলটি পৌরসভাগুলোকে (municipalities) জনসাধারণের নিরাপত্তা বাড়াতে এবং সামগ্রিক জীবনের মান উন্নত করতে তাদের 911 এর সাড়া প্রদান এবং সহায়তা প্রেরণ কার্যক্রমকে উন্নত করতে সহায়তা করবে। জরুরি যোগাযোগ উন্নত করতে এবং দক্ষতার সাথে পরিচালনার জন্য কমিউনিটিগুলোর প্রয়োজনীয় সংস্থান এবং প্রযুক্তি রয়েছে তা নিশ্চিত করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

জননিরাপত্তা সমাধান কেন্দ্র (Public Safety Answering Points) হিসেবে পরিচিত জননিরাপত্তা সংক্রান্ত সহায়তাগুলো (Public safety facilities) সাহায্যের জন্য কল গ্রহণ করে এবং জরুরি পরিষেবা প্রেরণ শুরু করে। স্টেট ব্যাপী, কাউন্টিগুলো 911-এর সমাধান এবং সহায়তা প্রেরণের অধিকাংশ কার্যক্রম পরিচালনা করে এবং পৌরসভা, কাউন্টি এবং স্টেটের সাড়া প্রদানকারীদের মধ্যে পরিষেবা সমন্বয় করে। বার্ষিক অনুদান উপযুক্ত জননিরাপত্তা পরিচালনা এবং সহায়তা প্রেরণ ব্যয়ের

জন্য কাউন্টিগুলোকে স্টেট কর্তৃক ব্যয়িত অর্থ পরিশোধে সক্ষম করে। সকল কাউন্টি এবং নিউইয়র্ক সিটি অনুদান তহবিল পাবার জন্য আবেদন করতে সক্ষম।

কাউন্টি অপারেটররা তহবিলটিকে পরিচালনা ব্যয়, সহায়তা প্রেরণের প্রযুক্তির উন্নীতকরণ এবং পরিষেবাগুলিতে বিনিয়োগ যেমন টেক্সট মেসেজিং, ডেটা যোগাযোগ এবং ভূ-অবস্থান সহ অনেক উপায়ে ব্যবহার করতে পারে। কর্মসূচিটি যেহেতু 2010 সালে শুরু হয়েছে, কাউন্টিগুলি টেক্সট-টু-911 পরিষেবাগুলি কার্যকর করা সহ, আপগ্রেডগুলিতে অনুদানটি কাজে লাগিয়েছে। এই বছর, ছয়টি কাউন্টি তাদের জরুরি সাড়া প্রদান সংস্থানগুলোতে 911-এ বার্তা পাঠান (text-to-911) যুক্ত করেছে, যার ফলে 911-এ বার্তা পাঠান পরিষেবা থাকা মোট কাউন্টির সংখ্যা 34-এ পৌঁছায় – যেটি কিনা স্টেটের সকল কাউন্টির 50 শতাংশেরও বেশি।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের (New York State Homeland Security and Emergency Services) কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "911 কেন্দ্রগুলোকে নিউ ইয়র্কবাসীদের যত দ্রুত সম্ভব সহায়তা প্রদানে সাহায্য করার জন্য নতুন প্রযুক্তি এবং সংস্থান কার্যকর করতে এই অনুদানগুলো অপরিহার্য ভূমিকা পালন করে। এই অর্থায়নের মাধ্যমে, আমাদের আন্তঃকার্যক্ষম এবং জরুরি যোগাযোগ কার্যালয় (Office of Interoperable and Emergency Communications) কাউন্টি এবং স্থানীয় জরুরি ব্যবস্থাপনা সংস্থাগুলোর সাথে তাদের সামগ্রিক সক্ষমতা উন্নয়নের জন্য পরিকল্পনাগুলো বিকশিত হয়েছে তা নিশ্চিত করতে সরাসরি কাজ চালিয়ে যাচ্ছে, তথাপি আমাদের স্থানীয় অংশীদাররা সর্বশেষ মানদণ্ডগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ রয়েছে তা নিশ্চিত করে।"

এই অনুদানটি একটি অ-প্রতিযোগিতামূলক, পদ্ধতি ভিত্তিক অনুদান(formula-based grant)। তহবিল একটি কাউন্টির পরিচালনা পরিধি, জনসংখ্যাতাত্ত্বিক উপাদান এবং জরুরি পরিষেবা কল মেট্রিক্স এর পরিসংখ্যানের উপর ভিত্তি করে অংশগ্রহণকারী কাউন্টিগুলোর মধ্যে বিতরণ করা হয়। প্রোগ্রামে অংশ নেওয়ার মাধ্যমে, কাউন্টিগুলো জরুরি যোগাযোগের জন্য রাষ্ট্র এবং জাতীয় নির্দেশনার সাথে তাদের আনুগত্যের বিষয়টি নিশ্চিত করে।

প্রোগ্রামটির জন্য উপলব্ধ 10 মিলিয়ন ডলার নিম্নলিখিত ভাবে বরাদ্দ করা হয়েছে:

কাউন্টি	**পুরস্কারের পরিমাণ**	**কাউন্টি**	**পুরস্কারের পরিমাণ**
Albany	$265,378	Niagara	$149,373
Allegany	$130,863	Oneida	$186,169
Broome	$237,798	Onondaga	$189,412
Cattaraugus	$188,546	Ontario	$196,178
Cayuga	$185,825	Orange	$167,029
Chautauqua	$150,967	Orleans	$118,084

Chemung	$172,031	Oswego	$179,637
Chenango	$179,786	Otsego	$164,024
Clinton	$115,804	Putnam	$99,911
Columbia	$152,979	Rensselaer	$144,186
Cortland	$192,583	Rockland	$296,142
Delaware	$149,937	Saratoga	$164,959
Dutchess	$168,353	Schenectady	$198,130
Erie	$209,381	Schoharie	$109,890
Essex	$236,106	Schuyler	$173,393
Franklin	$184,620	Seneca	$143,537
Fulton	$186,017	St. Lawrence	$193,447
Genesee	$195,740	Steuben	$187,468
Greene	$134,721	Suffolk	$203,083
Hamilton	$112,994	Sullivan	$165,084
Herkimer	$191,946	Tioga	$131,130
Jefferson	$204,606	Tompkins	$172,173
Lewis	$171,949	Ulster	$123,664
Livingston	$178,825	Warren	$145,935
Madison	$166,535	Washington	$149,071
Monroe	$264,755	Wayne	$183,796
Montgomery	$197,601	Westchester	$127,807
Nassau	$130,097	Wyoming	$121,462
New York City	$162,485	Yates	$196,598

নিউ ইয়র্ক স্টেট স্বদেশ নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগ (New York State Division of Homeland Security and Emergency Services) সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য DHSES ফেসবুক পেইজ পরিদর্শন করুন, টুইটারে @NYSDHSES টুইটার বা ইন্সটাগ্রামে অনুসরণ করুন অথবা dhses.ny.gov পরিদর্শন করুন।

###

আনসাবস্ক্রাইব করুন